The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বাংলাদেশে ফ্লাইট চালাতে চাই পিআইএ ও ইথিওপিয়ান এয়ারলাইন্স

- A Monitor Desk Report | Date: 18 May, 2022



পাকিস্তানের রাষ্ট্রীয় মালিকানাধীন পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স (পিআইএ) এবং ইথিওপিয়ান এয়ারলাইন্স বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল সংস্থার (বেবিচক) সঙ্গে যোগাযোগ করে ফ্লাইট পরিচালনার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে।

পিআইএ বেবিচককে জানায়, বাংলাদেশে ফ্লাইট চালু করলে বাংলাদেশের যাত্রীরা পাকিস্তান ট্রানজিট (করাচি) নিয়ে পার্শ্ববর্তী ইরান, ইরাক, সৌদি আরব, ওমান, ইয়েমেন, উজবেকিস্তান, তুরস্কসহ আশপাশের দেশগুলোতে যেতে পারবে।

বেবিচকের দায়িত্বশীল সূত্র জানায়, বাংলাদেশের সঙ্গে দক্ষিণ এশিয়ার দেশ, মধ্যপ্রাচ্য এবং আফ্রিকার যোগাযোগ স্থাপনের জন্য এই দুইটি এয়ারলাইন্স অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। এয়ারলাইন্সগুলোকে স্ব স্ব দেশের কূটনীতিক মাধ্যমে (ডিপ্লোম্যাটিক চ্যানেল) যোগাযোগ করে সুনির্দিষ্ট প্রক্রিয়ায় আবেদনের অনুরোধ জানানো হয়েছে।

পিআইএ বর্তমানে ২০টি এয়ারক্রাফটের মাধ্যমে পাকিস্তান ও বিশ্বের ৬৬টি গন্তব্যে (কার্গোসহ) ফ্লাইট পরিচালনা করে। এরমধ্যে রয়েছে লাহোর, ইসলামাবাদ, সৌদি আরব, দুবাই, ম্যানচেস্টার ও লন্ডন।

এদিকে আফ্রিকার দেশ ইথিওপিয়ার ইথিওপিয়ান এয়ারলাইন্সও (আগের নাম- ইথিউপিয়ান) বাংলাদেশ রুটে ফ্লাইট চালাতে চায়। এয়ারলাইন্সটি বর্তমানে ৭৭টি এয়ারক্রাফট দিয়ে ১০১ রুটে যাত্রীবাহী এবং ২৩টি রুটে কার্গো ফ্লাইট পরিচালনা করে। বাংলাদেশ থেকে যাত্রী নিয়ে ইথিওপিয়া ট্রানজিট হয়ে ইয়েমেন, সৌদি আরব, সুদান, ইজিপ্ট এবং ওমানে পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে তাদের।

-B